



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।
www.btrc.gov.bd



প্রেস বিজ্ঞপ্তি

ঢাকায় বিটিআরসি ও র‍্যাব পৃথক দুটি অভিযানে অবৈধ ভিওআইপি সরঞ্জাম ও ওয়াকিটকিসহ দুইজন গ্রেফতার

ঢাকা, বুধবার, ২২ সেপ্টেম্বর ২০২১:

রাজধানী ঢাকার শেরেবাংলা নগর এলাকায় বিটিআরসির প্রযুক্তি সোর্স ব্যবহার করে র‍্যাব-১০ এর সহযোগিতায় অবৈধ ভিওআইপি সরঞ্জামাদিসহ অবৈধ ভিওআইপির চক্রের এক সদস্যকে গ্রেফতার করা হয়েছে। আজ দুপুর আনুমানিক ২ টায় শেরেবাংলা থানাধীন ৭০/ডি-৩ ইন্দিরা রোড এলাকায় অভিযান পরিচালনা করে অবৈধ ভিওআইপি এবং আন্তর্জাতিক পেমেন্ট ও রিচার্জ ব্যবসা চক্রের ০১ সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেপ্তারকৃত শামসুজ্জামান (২৬) এর নিকট থেকে অবৈধ ভিওআইপি ব্যবসায় ব্যবহৃত ০৯টি মোবাইল ফোন, ০২টি সিপিইউ, ০৯ টি মোবাইল চার্জার, ০১টি কি-বোর্ড, অসংখ্য কলিং কার্ড (কয়েক বস্তা), ০১টি মাউস, ০১টি এসি এডাপ্টার, ০১টি মনিটর, ০১ টি ডকুমেন্টেশন ফাইল ও ০১ টি মনিটর স্ক্যান্ড উদ্ধার করা হয়।


প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, গ্রেফতারকৃত আসামি অবৈধ ভিওআইপি চক্রের সদস্য। তারা দীর্ঘদিন যাবত সরকার প্রদেয় রাজস্ব ফাঁকি দিয়ে অবৈধ ভিওআইপি, আন্তর্জাতিক পেমেন্ট ও রিচার্জ ব্যবসা চালিয়ে আসছিল। তাদের অবৈধ কার্যক্রমের ফলে গত দেড় বছরে বিটিআরসির আন্তর্জাতিক কল টার্মিনেশন রেট অনুযায়ী সরকারের রাজস্ব ক্ষতি হয়েছে প্রায় ০৪ কোটি টাকা।

পরবর্তীতে আজ বিকেলে গুলিস্তানের স্টেডিয়াম মার্কেটে এ অপর এর অভিযানে আল ফারুক ইলেকট্রনিকস থেকে ১৬টি ওয়াকিটকিসহ অপর একজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেফতারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

প্রাপক

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব ও ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়গণের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। অফিস কপি।

অনুরোধক্রমে


২২/০৯/২১

মোঃ জাকির হোসেন খান

উপ-পরিচালক

মিডিয়া কমিউনিকেশন এন্ড পাবলিকেশন উইং

বিটিআরসি

যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০

zakirkhan@btrc.gov.bd